# সুমুদ ফ্লোটিলা আটক অভিযাত্রীদের আমরণ অনশন




সংগৃহীত ছবি

গাজার উদ্দেশ্যে যাত্রা করা 'গ্লোবাল সুমুদ ফ্লোটিলা'র অভিযাত্রীরা ইসরায়েলে আটক হওয়ার প্রতিবাদে অনির্দিষ্টকালের জন্য আমরণ অনশন শুরু করেছেন। আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন ইন্টারন্যাশনাল কমিটি এ তথ্য নিশ্চিত করেছে।

ইসরায়েলে আটক হওয়া গ্লোবাল সুমুদ ফ্লোটিলার অভিযাত্রীরা তাদের আটকপ্রক্রিয়ার প্রতিবাদে অনির্দিষ্টকালের জন্য আমরণ অনশন ঘোষণা করেছেন। শুক্রবার (৩ অক্টোবর) ইন্টারন্যাশনাল কমিটি 'টু ব্রেক দ্য সিজ অব গাজা' এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছে। খবরটি প্রকাশ করেছে তুরস্কের আনাদোলু সংবাদ সংস্থা।

গাজার মানুষদের জন্য খাদ্য ও ওষুধ পৌঁছে দিতে 'গ্লোবাল সুমুদ ফ্লোটিলা' মিশনের ৫০টি জাহাজ ৩১ আগস্ট স্পেনের বন্দর থেকে যাত্রা শুরু করেছিল। এসব জাহাজে প্রায় ৪৪টি দেশের অধিকারকর্মীসহ মোট সাড়ে চারশ' প্রতিনিধি ছিলেন।

ইসরায়েল এই মিশনের সব জাহাজ আটক করেছে এবং জাহাজে থাকা সকল ব্যক্তিকেও আটক করেছে। উল্লেখযোগ্যভাবে, সব জাহাজই আটক করা হয়েছে আন্তর্জাতিক জলসীমা এবং ফিলিস্তিনের আঞ্চলিক জলসীমা থেকে।

LENS ASIA